

(প্রেস বিজ্ঞপ্তি)

০৩ জুন'২০২৪খ্রিঃ

বীর মুক্তিযোদ্ধা ডাঃ জাকিরিয়া চৌধুরী'র সহধর্মিনীর মৃত্যুতে সিটি মেয়র রেজাউল করিম চৌধুরী
ও ভারপ্রাপ্ত মেয়র আফরোজা জহুরের শোক প্রকাশ

মহান মুক্তিযুদ্ধের সংগঠক বীর মুক্তিযোদ্ধা মরহুম ডাঃ জাকিরিয়া চৌধুরী'র সহধর্মিনী ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাবেক উপসচিব আশেক রসুল চৌধুরী টিপু'র মাতা মোছাম্মৎ আসিয়া খাতুনের মৃত্যুতে সিঙ্গাপুর থেকে তার বার্তায় শোক জানান চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। মেয়র শোকাহত পরিবারের সকলের প্রতি আন্তরিক সমবেদনা জানান এবং মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন। এছাড়াও ভারপ্রাপ্ত মেয়র আফরোজা জহুর মোছাম্মৎ আসিয়া খাতুনের মৃত্যুতে শোক প্রকাশ করেন।

সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (সিএলসিসি) সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (সিএলসিসি)'র ৪র্থ সভা আজ সোমবার বিকালে সিটি কর্পোরেশনের কনফারেন্স রুমে চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আফরোজা জহুর। উপস্থিত ছিলেন- ওয়ার্ড কাউন্সিলরবৃন্দ, বিভাগীয় ও শাখা প্রধানগণ এবং নাগরিক সমাজের প্রতিনিধি বৃন্দ। সভায় নেতৃবৃন্দ চট্টগ্রাম নগরীর বিভিন্ন সমস্যা সমাধানে বিস্তারিত আলোচনা করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮